

উপস্থিত : মোঃ হাসান জামান, জজ, অর্থখন আদালত নং-১, ঢাকা

আদেশ নং-১৮
তারিখ-১৪/০৫/২০২৬

অদ্য ডিক্রীদার পক্ষের দাখিলীয় ক্রোকের দরখাস্ত বিষয়ে প্রয়োজনীয় আদেশ এর জন্য দিন ধার্য্য আছে। ডিক্রীদারপক্ষ হাজিরা দাখিল করেন। অপরদিকে দায়িক পক্ষে কাউকে হাজির পাওয়া যায়নি।

ডিক্রীদারপক্ষ কর্তৃক বিগত ১৬/০২/২০২৬ ইং তারিখে দাখিলীয়, দেওয়ানী কার্যবিধির দেওয়ানী কার্যবিধি-এর আদেশ XXI বিধি ৫৪ সহ অর্থখন আদালত আইন এর ধারা ৪৪ ও ৫৭ মোতাবেক দরখাস্ত বর্ণিত তফসিলোক্ত ২ নং দায়িকের ব্যক্তিগত ২৫.০৫ শতাংশ সম্পত্তি ক্রোকের নিমিত্ত আনীত দরখাস্ত আদেশের জন্য গৃহীত হলো।

দরখাস্ত বিষয়ে ডিক্রীদার পক্ষের বিজ্ঞ কৌশলির বক্তব্য শ্রবণ করলাম। দাখিলীয় দরখাস্ত ও সংশ্লিষ্ট নথিপত্র সতর্কতার সহিত পর্যালোচনা করলাম।

নথি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, ২ নং দায়িকের বরাবর ইতোপূর্বে ইস্যুকৃত কারণ দর্শানো নোটিশ যথাযথভাবে জারি অস্তে ফেরত আসিয়াছে, যাহা নথিতে সংরক্ষিত রয়েছে। ডিক্রীদার পক্ষ কর্তৃক দাখিলকৃত উক্ত ক্রোকের দরখাস্তের বিরুদ্ধে দায়িক প্রতিপক্ষ লিখিত আপত্তি উপস্থাপন করেন। শুনানীকালে দায়িক পক্ষকে আদালতে হাজির পাওয়া যায়নি কিংবা কোনরূপ আপত্তি দাখিল করেন নাই।

সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, ডিক্রীদার দেনাদারের বিরুদ্ধে দায়েরকৃত অর্থখন মামলায় বৈধভাবে ডিক্রি প্রাপ্ত হইয়াছেন এবং উক্ত ডিক্রির জারী প্রক্রিয়ায় আলোচ্য দরখাস্তের তফসিলে বর্ণিত তফসিলোক্ত ২৫.০৫ শতাংশ সম্পত্তি ২ নং দায়িক মিসেস সুলতানা আজার এর ব্যক্তিগত খরিদা সম্পত্তি যাহা আইনগতভাবে ক্রোকযোগ্য। সার্বিক বিবেচনায়, দরখাস্ত মঞ্জুরযোগ্য বলিয়া প্রতীয়মান হয়।

অতএব,

আদেশ হয় যে

ডিক্রীদারপক্ষ কর্তৃক দাখিলীয় ০৮/০৫/২০২৫ ইং তারিখের দরখাস্ত মঞ্জুর করা হইল।

এতদ্বারা দরখাস্তের তফসিলে বর্ণিত ২ নং দায়িকের মালিকানাধীন বিগত ১৩/০৯/২০১১ ইং তারিখের ৩৮৩৪ নং দলিল মূলে প্রাপ্ত ওয়ারী থানাধীন সাবেক সাহারা বর্তমানে সূত্রাপুর মৌজার জে এল নং- ঢাকা সিটি জরিপ ০৩, সি এস ৮৯২৮, ৮৯২৯, ১৩৭২৫ খতিয়ান, এস এ ৬০৫, ৬০৬, ৬২০(ক), ৬২০(খ) নং খতিয়ান আর এস ৪১৬১, ১৬২৫, ১৬২৯ নং খতিয়ান ও সিটি জরিপ ২৪৪৩ নং খতিয়ান ও মিউটেশন ৮২০৫ নং খতিয়ানের সি এস

৩৮১, ১৮২, ৩৮৫ ও এস দাগ নং-১২২৭, ১২২৮ , ১২৩২, আর এস দাগ নং ১৬২৪, ১৬২৫, ১৬২৯ , এবং ঢাকা সিটি জরিপ দাগ নং ৫২৮৬ দাগভুক্ত ২৫.০৫ শতাংশ ভূমি ও তদস্থিত সমূহ স্থাপনা সম্পত্তি বিক্রয়, দান, হস্তান্তর, বন্ধক বা অন্য যে কোন প্রকার দায়সৃষ্টিকারী কার্য হইতে ২ নং দেনাদারকে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হইল।

একই সাথে উক্ত সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে কোন প্রকার স্বত্ব বা সুবিধা গ্রহণ হইতে সর্বসাধারণকে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হইল।

দেওয়ানী কার্যবিধি-এর আদেশ XXI বিধি ৫৪(২) এর বিধান মোতাবেক উক্ত আদেশ কার্যকরকরণের জন্য প্রয়োজনীয় জারী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত ডিক্রীদার পক্ষকে নির্দেশ প্রদান করা হইল।

আগামী -----তারিখ জারী সংক্রান্ত পদক্ষেপ গ্রহণের জন্য ধার্য রহিল।